

**Bhavan's Tripura Vidyamandir**1<sup>ST</sup> Periodic Assessment - (2024-2025)**Class: - 9**

Time :- 2 Hours

**Subject :- Bengali**

Total : - 50 Marks

Name of the Student:

Roll

Section

**ক-বিভাগ****১। নীচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলোর সঠিক উত্তরটি বেছে লিখ।****১×৪=৪**

কথাকলি হল ভারতীয়দের শাস্ত্রীয় নৃত্যের একটি অন্যতম প্রধান ধারা। 'কথা' শব্দের অর্থ-কাহিনী ও 'কলি' শব্দের অর্থ অভিনয়, সামগ্রিকভাবে কথাকলি শব্দের আভিধানিক অর্থ অভিনয় বা নাটক। এই নৃত্যের উদ্ভব হয় সপ্তদশ শতকে। কথাকলি নৃত্য এক ধরনের মূকাভিনয়। নৃত্যশিল্পী সকলে গান করে না বা কথাও বলে না। মঞ্চে গানের সাথে ঘন্টা ও করতাল সংযোগে কাহিনী বিবৃত করা হয়। নৃত্যের সাথে পরিবেশিত গান সংস্কৃত ও মালয়ালম ভাষায় গাওয়া হয়ে থাকে। নৃত্যশিল্পীরা সংলাপের সাথে নানান অঙ্গভঙ্গি ও মুখভঙ্গির দ্বারা মনের ভাব প্রকাশ করে। চৌষট্টি প্রকার হস্ত সঞ্চালনরীতি কথাকলি নৃত্যতে প্রচলিত। এই নৃত্যতে চোখের পাতা ও হ্রস্ব সঞ্চালন অতি সূক্ষ্ম ও অর্থপূর্ণ। এই নৃত্যের সাজসজ্জায় লাল, সবুজ, হলুদ, কমলা, বেগুনি রঙের পোশাকের অধিক প্রচলন দেখা যায়। আধুনিক রীতিতে ভারতীয় কথাকলি দলে নারী শিল্পীদেরও অন্তর্ভুক্ত করা হয়েছে। বিভিন্ন শ্রেণীর নৃত্যশিল্পী বিভিন্ন ধরনের রূপসজ্জা ব্যবহার করে। পুরুষ চরিত্রের থেকে নারী চরিত্রের সাজসজ্জা অপেক্ষাকৃতভাবে সরল। কথাকলির প্রথাগত বিষয়বস্তু হল 'হিন্দু' মহাকাব্য', পুরাণে বর্ণিত লোক- পৌরাণিক গল্প, ধর্মীয় কিংবদন্তি ও আধ্যাত্মিক ধারণা।

ক) এখানে 'কলি' শব্দের অর্থ হল-

i) ফুল

ii) অভিনয়

iii) নৃত্যশিল্পী

iv) মঞ্চ

খ) গানের সঙ্গে কীভাবে কাহিনী বিবৃত করা হয়?

i) ঘন্টা ও করতাল সংযোগে

ii) ঘন্টা ও মৃদঙ্গ সংযোগে

iii) কাঁসর ও করতাল সংযোগে

iv) খোল ও করতাল সংযোগে

গ) এই নৃত্যের সাজসজ্জাতে কী কী রঙের পোশাকের অধিক প্রচলন দেখা যায় ?

i) লাল, কমলা, হলুদ, কালো ও বেগুনি

ii) লাল, ধূসর, হলুদ, কমলা ও বেগুনি

iii) লাল, নীল, হলুদ, কমলা ও বেগুনি

iv) লাল, সবুজ, হলুদ, কমলা ও বেগুনি

ঘ) প্রদত্ত অনুচ্ছেদ থেকে এমন একটি শব্দ খুঁজে বার করো যার পদান্তর 'অভিনীত'।

i) অভিনব

ii) অভিনয়

iii) নাটক

iv) অভিনেতা

**২। নির্দেশ অনুযায়ী বাক্য পরিবর্তন করো। (যে কোনো পাঁচটি)****১×৫=৫**

ক) ভীষ্ম সারাজীবন তাঁর প্রতিজ্ঞা রক্ষা করেছিলেন। (নঞর্থক বাক্য)

খ) বাবু শব্দ একার্থ হইবে না। (অসম্মর্থক বাক্য)

গ) ভরতের ভ্রাতৃভক্তি অতুলনীয়। (প্রশ্নসূচক বাক্য)

ঘ) তোমার জয়ই আমার একমাত্র কামনা। (প্রার্থনাসূচক বাক্য)

ঙ) শীতে দরিদ্র মানুষের খুব কষ্ট হয়। (বিস্ময়সূচক বাক্য)

চ) দুর্জনকে দূরে রেখো। (অনুজ্ঞাসূচক বাক্য)

**খ-বিভাগ****৩। পাঠ্য গদ্য থেকে প্রদত্ত প্রশ্নগুলি পড়ে সঠিক উত্তরটি বেছে লিখ। (যে কোনো ছ'টি)।****১×৬=৬**

ক) ইলিয়াস যে প্রতিবেশীর বাড়িতে আশ্রয় পায় তার নাম হলো -

i) মহম্মদ শা

ii) ইব্রাহিম

iii) শাম শেমাগি

iv) মোল্লা সাহেব

খ) "ইলিয়াসের তখন খুব বোলবোলাও।" "বোলবোলাও" শব্দের অর্থ কী ?

i) প্রতাপিত

ii) প্রতিপত্তি

iii) প্রভাব

iv) হাঁকডাক

গ) ইলিয়াসের ছোটো ছেলের বউ .....।

i) বুদ্ধিমতী

ii) ঝগড়াটে

iii) বুদ্ধিহীন

iv) বোকা

ঘ) "..... পবিত্র গ্রন্থে লেখা আছে।" এখানে পবিত্র গ্রন্থ বলতে কোন্ গ্রন্থের কথা বলা হয়েছে ?

i) কোরান

ii) বাইবেল

iii) মহাভারত

iv) রামায়ণ

ঙ) "অতিথিরা হেসে উঠলো।" হেসে উঠার কারণ কী ?

i) ইলিয়াসের বোকামি

ii) ইলিয়াস এর স্ত্রীর আচরণ

iii) মহম্মদ শার কথা

iv) ইলিয়াসের স্ত্রীর কথা

চ) ইলিয়াসকে কারা ভাগ্যবান পুরুষ বলতো ?

i) মহম্মদ শা

ii) প্রতিবেশীরা

iii) মোল্লা সাহেব

iv) আত্মীয়-স্বজনরা

ছ) কারা ইলিয়াসের ঘোড়াগুলো চুরি করেছিল ?

i) প্রতিবেশীরা

ii) আত্মীয়-স্বজনরা

iii) কিরবিজ'রা

iv) অতিথিরা

৪) ক) শাম-শেমাগি রাতে ঘুমাতে যাওয়ার সময় ও দুশ্চিন্তা করত কেন ?

২

অথবা,

খ) ইলিয়াসের সর্বহারা হয়ে পড়ার কারণ কী ?

৫। ক) "ইলিয়াস তো ভাগ্যবান পুরুষ।" ইলিয়াসকে কেন ভাগ্যবান পুরুষ বলা হয়েছে ?

৩

অথবা,

খ) "অতিথিরা বিস্মিত।" অতিথিরা বিস্মিত হলেন কেন ?

৬। ক) "কিন্তু ঈশ্বর আমাদের কাছে সত্যকে উন্মুক্ত করেছেন।" উক্তিটির বক্তা কে ? এখানে কোন্ সত্যের কথা বলা হয়েছে ? তা কীভাবে উন্মুক্ত হয় ?

(২+৩)=৫

অথবা,

খ) "এটা খুবই জ্ঞানের কথা।" বক্তা কে ? জ্ঞানের কথাটি কী ? বক্তা একথা কেন বলেছেন ?

৭। প্রসঙ্গ ব্যাখ্যা কর।

৫

ক) "খেয়ানৌকা পারাপার করে নদীস্রোতে;  
কেহ যায় ঘরে, কেহ আসে ঘর হতে।"

অথবা,

খ) "দুই তীরে দুই গ্রাম আছে জানাশোনা,  
সকাল হইতে সন্ধ্যা করে আনাগোনা।"

৮। ক) "পৃথিবীতে কত দ্বন্দ্ব, কত সর্বনাশ,  
নূতন-নূতন কত গড়ে ইতিহাস-"

দ্বন্দ্ব ও সর্বনাশ বলতে কী বোঝানো হয়েছে ? লাইনটির তাৎপর্য বিশ্লেষণ করো।

(২+৩)=৫

অথবা,

খ) "শুধু হেথা দুই তীরে, কেবা জানে নাম,  
দোঁহা-পানে চেয়ে আছে দুইখানি গ্রাম।"

কার লেখা, কোন্ কবিতার অংশ? লাইনটির তাৎপর্য বিশ্লেষণ করো।

## গ-বিভাগ

৯। সহায়ক পাঠ থেকে প্রদত্ত প্রশ্নগুলো পড়ে সঠিক উত্তরটি নির্বাচন করে লিখ। (যে কোনো পাঁচটি)।

১×৫=৫

ক) হরিহর কার সঙ্গে মৎস্য শিকারের পরামর্শ আঁটছিল ?

- i) অপূর সঙ্গে                      ii) নবীন পালিতের সঙ্গে                      iii) সর্বজয়ার সঙ্গে                      iv) সতুর সঙ্গে

খ) হরিহর গ্রামের কার বাড়িতে কাজ করত ?

- i) অন্নদা শংকর রায়ের                      ii) ভুবন মুখুজ্যের                      iii) নবীন পালিতের                      iv) নীলমণি রায়ের

গ) দুর্গা আমতলায় জামতলায় কোন্ মাসের রোদুর্ঘে ঘুরে বেড়ায় ?

- i) মাঘ মাসের                      ii) জ্যৈষ্ঠ মাসের                      iii) ফাল্গুন মাসের                      iv) চৈত্র মাসের

ঘ) শঙ্খচিল কোথায় ডাকত ?

- i) নারকেল গাছে                      ii) কাঁঠাল গাছে                      iii) আম গাছে                      iv) জাম গাছে

ঙ) অর্জুনের রথের নাম কী ?

- i) নন্দীঘোষ                      ii) পদ্মধ্বজ                      iii) তালধ্বজ                      iv) কপিধ্বজ

চ) পটলের বোনের নাম কী ?

- i) রাধা                      ii) রাজি                      iii) দুর্গা                      iv) টুনি

১০) ক) "জল মাটির তৈরি নশ্বর পৃথিবীতে এ ঘটনা কী করিয়া সম্ভব হইল।" এখানে কোন্ ঘটনার কথা বলা হয়েছে ?

উক্ত বিষয়টির উপর আলোকপাত করো।

(২+৩)=৫

খ) "অমনি মায়ের কাছে যাইবার জন্য মন আকুল হইয়া পড়িত।" কার মন আকুল হয়ে উঠতো ? কখন এরূপ হত ?

কেন তার মন আকুল হয়ে উঠতো ?

(২+৩)=৫